



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪, জয়নাগ রোড, বক্সি বাজার, ঢাকা - ১২১১



পত্র নং : ৬৯৫/ক/অনু./২০১৫/২৫৪৯

তারিখ : ২৭/১২/২০২২

বিষয় : মহিষার দিগম্বরী স্কুল এন্ড কলেজ-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার মঞ্জুরী কমিটির পত্র নং ১০৮৪/ক/মঞ্জুরী/২০২২/২১০, তারিখ: ১২/১২/২০২২, সিদ্ধান্ত নং ১৫, ও ২০/১২/২০২২ তারিখের ২২৫ তম বোর্ড সভার সিদ্ধান্ত নং ১৩ এর অনুমোদন প্রেক্ষিতে।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ শরীয়তপুর জেলার ভেদেদেগঞ্জ উপজেলায় অবস্থিত মহিষার দিগম্বরী স্কুল এন্ড কলেজ-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০২২ তারিখ হতে ৩০/০৬/২০২৫ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য প্রদান করা হলো।

শাখাসমূহ	আবশ্যিক	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
(১) মানবিক	(১) বাংলা	(১) পৌরনীতি ও সুশাসন	(১) হিসাব বিজ্ঞান
(২) ব্যবসায় শিক্ষা	(২) ইংরেজি	(২) সমাজকর্ম	(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(৩) ইসলামের ইতিহাস সংস্কৃতি	(৩) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
		(৪) ইসলাম শিক্ষা	(৪) কৃষি শিক্ষা

শর্তসমূহ :

- (১) সাধারণ তহবিলে ২,০০,০০০ (দুই লক্ষ) এবং সংরক্ষিত তহবিলে ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা স্থিতি থাকতে হবে। কলেজের সংরক্ষিত তহবিলের ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- (২) শিক্ষক/জনবলের বেতন ভাতাদি কলেজের নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে।
- (৩) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- (৪) নিয়োগকৃত শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে।
- (৫) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- (৬) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- (৭) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- (৮) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- (৯) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- (১০) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- (১১) কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- (১২) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংক রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- (১৩) প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- (১৪) বিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- (১৫) কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।
 - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।

চেয়ারম্যানের আদেশক্রমে


 প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
 কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
 ফোন : ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

মহিষার দিগম্বরী স্কুল এন্ড কলেজ (EIN : 113497)


ভেদেদেগঞ্জ, শরীয়তপুর।

মেমো নং : ২৫৪৯ (৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- (৩) জেলা প্রশাসক, শরীয়তপুর।
- (৪) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৬) অফিস কপি

তারিখ : ২৭/১২/২০২২


 কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

